



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



তারিখ: ০৬.০৮.২০২৩ খ্রি.

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩. ১৭১০

বিষয়: জাতীয় শূদ্ধাচার কৌশল ২০১২ এর বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০২.২১.১৫৬; তারিখ: ৩১ জুলাই, ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্র মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল বিদ্যালয়ে জাতীয় সংগীতের পর নৈতিকতা শিক্ষার কার্যক্রম পরিচালনা এবং শিক্ষা মন্ত্রণালয়ের ২৮ ডিসেম্বর, ২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৭১.০৪.০০৩.১৭.৭৯৪ নং স্মারকের আলোকে মাউশি অধিদপ্তর হতে ০৫/০১/২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.২০২১-৮০০/১২ নং স্মারকে নির্দেশিত শিক্ষার্থীদের নিম্নোক্ত শপথবাক্য পাঠ অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

“জাতির লিভা বজাবকু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে পাকিস্তানি শাসকদের শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে এক রক্তক্ষয়ী মুক্তিসংগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে। বিশ্বের বুকে বাঙালি জাতি প্রতিষ্ঠা করেছে তার স্বতন্ত্র জাতিসত্তা।

আমি দৃষ্টকণ্ঠে শপথ করছি যে, শহিদদের রক্ত বৃথা যেতে দেব না। দেশকে ভালোবাসব, দেশের মানুষের সার্বিক কল্যাণে সর্বশক্তি নিয়োগ করব। জাতির লিভা বজাবকু শেখ মুজিবের আদর্শে উন্নত, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনার সোনার বাংলা গড়ে তুলব।

মহান সৃষ্টিকর্তা আমাকে শক্তি দিন।”

২। এছাড়াও সকল বিদ্যালয়ে বয়স্কাউট ও গার্লসগাইড কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

৪১০৫০১১৮

[addshesecondary2@gmail.com](mailto:addshesecondary2@gmail.com)

বিতরণ:

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক

সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

[দৃ: আ: উপসচিব, বেসরকারি মাধ্যমিক-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ]

০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল)

০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

০৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

০৫। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

০৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]

০৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০২.২১.১৫৬

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০  
৩১ জুলাই ২০২৩


বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র: বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৫.০৫.০০২.২২.১২৮  
তারিখ: ২০.৭.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ এ বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য কর্মপরিকল্পনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট নির্ধারিত কার্যক্রম অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুযায়ী জাতীয় সঙ্গীতের পর নৈতিকতা শিক্ষার কার্যক্রম পরিচালনা; সকল বিদ্যালয়ে বয়স্কাউট ও গার্লসগাইড কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

  
(মোহাম্মদ সুহেল মাহমুদ)  
উপসচিব  
ফোন: ৯৫৪৫০৩২

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। উপসচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। অফিস কপি।